E/Bibido Latter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
**www.emrd.gov.bd**

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২- ৩৯১ তারিখ: ২০ ভাদ্র ১৪২৯ / ৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য গঠিত কমিটির আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন।**

সূত্র: প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬, তারিখ: ২৫-০৭-২০২২।

উপর্যুক্ত বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং' কমিটির আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৪/৯/২০২২

(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫০৮৯৮
ইমেইল: emrd.dev1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কারওয়ান বাজার, ঢাকা
২। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল
৫। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল
৬। প্রেগ্রামার,আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২- তারিখ: ২০ ভাদ্র ১৪২৯ / ৪ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। যুগ্মসচিব (অপারেশন-২ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

০৪/৯/২০২২

(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব

মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য গঠিত কমিটির

আগস্ট, ২০২২ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৫ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে **(সংযুক্তি-০১)** মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি পুনর্গঠন করা হয়ঃ

১) জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), জ্বাখসবি - আহ্বায়ক।
২) জনাব মোঃ জাকির হোসেন, উপসচিব (প্রশাসন-১), জ্বাখসবি - সদস্য।
৩) মোছাঃ লায়লাতুন ফেরদৌস, উপসচিব (উন্নয়ন-১), জ্বাখসবি - সদস্য।
৪) জনাব ইকবাল হোসেন রবিন, ব্যবস্থাপক (ডিপিডি), পেট্রোবাংলা - সদস্য-সচিব।

কার্যপরিধি অনুযায়ী কমিটি মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন কার্যক্রমের ওপর প্রতিমাসে অন্তত একটি মনিটরিং প্রতিবেদন দাখিলসহ ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

**২.০। উৎপাদন লক্ষ্যমাত্রাঃ**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ' এবং এর পরিপ্রেক্ষিতে গ্যাস উৎপাদন কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যাহা নিম্নরূপঃ

(ক) বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন তিনটি জাতীয় গ্যাস উৎপাদন কোম্পানির মাধ্যমে সমন্বিত গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **২২০.০০ বিলিয়ন ঘনফুট** (বিসিএফ) এবং

(খ) পেট্রোবাংলা'র সাথে আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)-সমূহের স্বাক্ষরিত উৎপাদন বন্টন চুক্তি, তথা Production Sharing Contract (PSC)-এর আওতায় বাংলাদেশে কর্মরত কোম্পানিসমূহের পরিচালিত গ্যাসক্ষেত্রসমূহ হতে উৎপাদিত গ্যাসের উৎপাদন লক্ষ্যমাত্রা **৫০০.০০ বিলিয়ন ঘনফুট** (বিসিএফ)।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে গ্যাস উৎপাদনের উক্ত দু'টি **লক্ষ্যমাত্রা** স্বতন্ত্রভাবে নির্ধারণ করে আলাদা আলাদা মান নির্ধারণ করা হয়েছে।

**৩.০। গ্যাস উৎপাদন কার্যক্রমের অগ্রগতিঃ**

**৩.১।** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় জাতীয় তিনটি গ্যাস কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **২২০.০০** বিসিএফ নির্ধারণ করা হয়েছে, যার দৈনিক গড় **০.৬০৩** বিসিএফ। এ প্রেক্ষিতে আগস্ট, ২০২২ মাসে গ্যাস উৎপাদন হয়েছে **২৬.৩৩৪ বিসিএফ**, যার দৈনিক গড় **০.৮৪৯** বিসিএফ। অর্থাৎ আগস্ট, ২০২২ মাসে দৈনিক গড়ের লক্ষ্যমাত্রার তুলনায় অধিক হারে গ্যাস উৎপাদিত হয়েছে। জাতীয় কোম্পানিসমূহের গ্যাসক্ষেত্রভিত্তিক আগস্ট, ২০২২ মাসের গ্যাস উৎপাদনের চিত্র নিম্নরূপঃ

এককঃ বিসিএফ

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপসংখ্যা | গ্যাস উৎপাদন (আগস্ট, ২০২২) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)* | | | | |
| ১। | সালদানদী | ৩ | ০.১২৪ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.০৩ বিসিএফ হ্রাস পেয়েছে। |
| ২। | ফেঞ্চুগঞ্জ | ২ | ০.৪৫৯ | |
| ৩। | শাহবাজপুর | ৩ | ১.৭৯৭ | |
| ৪। | সেমুতাং | ১ | ০.০২২ | |
| ৫। | শাহজাদপুর-সুন্দলপুর | ১ | ০.২৪৩ | |
| ৬। | শ্রীকাইল | ৪ | ১.৩৩৬ | |
| ৭। | বেগমগঞ্জ | ১ | ০.২৫১ | |
| **মোট গ্যাস উৎপাদন** | | **১৫** | **৪.৩০** | |

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপ সংখ্যা | গ্যাস উৎপাদন (আগস্ট, ২০২২) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *বাংলাদেশ গ্যাস ফিল্ডস লিঃ (বিজিএফসিএল)* | | | | |
| ৮। | তিতাস | ২২ | ১২.৫৫ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.২৬২ বিসিএফ বৃদ্ধি পেয়েছে এবং ওয়েলহেড কম্প্রেসরের মাধ্যমে উৎপাদনের হার বজায় রাখা হচ্ছে। |
| ৯। | বাখরাবাদ | ৬ | ১.০৭ | |
| ১০। | হবিগঞ্জ | ৭ | ৪.৬৩ | |
| ১১। | নরসিংদী | ২ | ০.৮৩ | |
| ১২। | মেঘনা | ১ | ০.১০ | |
| **মোট গ্যাস উৎপাদন** | | **৩৮** | **১৯.২০** | |
| *সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল)* | | | | |
| ১৩। | হরিপুর | ৩ | ০.১৭৭৪ | কৈলাশটিলা-৭ কূপের উৎপাদন হ্রাস করা হয়েছে বিধায় পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.০১৫২ বিসিএফ হ্রাস পেয়েছে। |
| ১৪। | কৈলাশটিলা | ৩ | ১.০৮৪৬ | |
| ১৫। | রশিদপুর | ৫ | ১.৩৫২২ | |
| ১৬। | বিয়ানীবাজার | ১ | ০.২২০১ | |
| **মোট গ্যাস উৎপাদন** | | **১২** | **২.৮৩৪৩** | |
| **সর্বমোট গ্যাস উৎপাদন (দেশীয়)** | | **৬৫** | **২৬.৩৩৪** | |

**৩.২।** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় বাংলাদেশে কর্মরত দুইটি আন্তর্জাতিক তেল কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **৫০০ বিসিএফ** নির্ধারণ করা হয়েছে, যার দৈনিক গড় **১.৩৭০ বিসিএফ**। এ প্রেক্ষিতে আগস্ট, ২০২২ মাসে গ্যাস উৎপাদন হয়েছে **৪৫.৮৪৫** বিসিএফ, যার দৈনিক গড় **১.৪৭৯** বিসিএফ। অর্থাৎ আগস্ট, ২০২২ মাসে দৈনিক গড়ের লক্ষ্যমাত্রার তুলনায় অধিকহারে গ্যাস উৎপাদিত হয়েছে।


উৎপাদন বন্টন চুক্তি (পিএসসি)'র আওতায় বর্তমানে ২টি আইওসি'র মাধ্যমে পরিচালিত ৪টি গ্যাসক্ষেত্র হতে আগস্ট, ২০২২ মাসের গ্যাস উৎপাদনের চিত্র নিম্নরূপ:

এককঃ বিসিএফ


| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপ সংখ্যা | গ্যাস উৎপাদন (আগস্ট, ২০২২) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *শেভরণ বাংলাদেশ লিঃ* | | | | |
| ১। | বিবিয়ানা | ২৬ | ৩৮.০২৫ | বিবিয়ানা ও জালালাবাদ গ্যাসক্ষেত্রের সকল রক্ষণাবেক্ষণ এবং ওয়ার্কওভার কার্যক্রম সমাপ্ত হওয়ায় পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ২.৩১১ বিসিএফ বৃদ্ধি পেয়েছে। |
| ২। | জালালাবাদ | ৬ | ৫.৭৪৬ | |
| ৩। | মৌলভীবাজার | ৪ | ০.৫৫৩ | |
| মোট গ্যাস উৎপাদন | | ৩৬ | **৪৪.৩২৪** | |
| *তাল্লো বাংলাদেশ লিঃ* | | | | |
| ৪। | বাঙ্গুরা | ৫ | ১.৫২১ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.০২৫ বিসিএফ বৃদ্ধি পেয়েছে। |
| **সর্বমোট উৎপাদন (আইওসি)** | | **৪১** | **৪৫.৮৪৫** | |

**৩.৩।** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র সূত্র নং-২৮.০০.০০০০.০৩৮.১৪.০৯৫..২১.১২৩; তারিখ:১৭/০৮/২০২২ মোতাবেক গ্যাস উৎপাদন মনিটরিং কমিটির আহবায়ক গত ১৯-০৮-২২ তারিখে কুমিল্লা জেলায় অবস্থিত পেট্রোবাংলার কোম্পানি "বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)"-এর গৌরিপুর ডিআরএস (ডিস্ট্রিক্ট রেগুলেটরী ষ্টেশন) সরেজমিন পরিদর্শন করেন এবং গুরুত্বপূর্ণ তথ্য সম্বলিত প্রতিবেদন দাখিল করেন **(সংযুক্তি-০২)**। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত মনিটরিং কমিটির আহ্বায়ক ও

জ্বাখসবি'র অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জনাব মোঃ হুমায়ুন কবীর মহোদয়ের বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল) এর গৌরিপুর ডিআরএস পরিদর্শনের স্থির চিত্র নিম্নে প্রদান করা হলঃ



গৌরিপুর বাখরাবাদের ডিআরএস পরিদর্শন



গৌরিপুর বাখরাবাদের ডিআরএস পরিদর্শন

৩.৪। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং' কমিটির একটি সভা ০১-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়ঃ

(ক) দেশীয় ও আন্তর্জাতিক তৈল কোম্পানির আগস্ট, ২২ মাসের গ্যাস উৎপাদনের দৈনিক গড় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ২০২২-২৩ অর্থবছরের গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রার দৈনিক গড়ের চেয়ে বেশি এবং সচল উৎপাদন ব্যবস্থা বজায় রয়েছে। এ ধারা অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে সকল গ্যাস উৎপাদন কোম্পানিকে নির্দেশনা প্রদান করার পেট্রোবাংলা-কে নির্দেশনা দেয়া যেতে পারে।

(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ২০২২-২৩ অর্থবছরের গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে দেশীয় ও বাংলাদেশে কর্মরত আন্তর্জাতিক তৈল কোম্পানিকে গ্যাস উৎপাদনে ভবিৎষ্যত প্রতিবন্ধকতা এড়ানোর বিষয়ে পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহন করতে হবে এবং এ বিষয়ে পেট্রোবাংলাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(গ) নিরবচ্ছিন্ন উৎপাদন ব্যবস্থা বজায় রাখার স্বার্থে উৎপাদন সম্পর্কিত (উৎপাদন কূপ সহ) যাবতীয় তথ্যাদি বিশ্লেষণ পূর্বক স্ব-স্ব গ্যাস উৎপাদন কোম্পানিকে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) বিদ্যমান যে সকল কূপে গ্যাস উৎপাদন হচ্ছে না তার করণীয় নির্ধারণপূর্বক পেট্রোবাংলাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশনা প্রদান করা যেতে পারে।

04/09/2022
প্রকৌ. ইকবাল হোসেন রবিন
ব্যবস্থাপক (ডিপিডি)
পেট্রোবাংলা

০৪/০৯/২০২২
মোছাঃ লায়লাতুন ফেরদৌস
উপসচিব (উন্নয়ন-১)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

০৪/০৯/২০২২
মোঃ জাকির হোসেন
উপসচিব (প্রশাসন-১)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

০৪/০৯/২২
মোঃ হুমায়ুন কবীর
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বিষয় : বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি : (বিজিডিসিএল)-এ
গত ১৯/০৮/২০২২ তারিখের ভ্রমন বিষয়ক প্রতিবেদন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র সূত্র নং – ২৮.০০.০০০০.০৩৮.১৪.০৯৫..২১.১২৩ তারিখ:১৭/০৮/২০২২ মোতাবেক

পেট্রোবাংলার কোম্পানি হিসাবে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড ( বিজিডিসিএল) বৃহত্তর কুমিল্লা ও বৃহত্তর নোয়াখালী জেলার কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী ও ফেনী জেলার গ্রাহকদের নিরবচ্ছিন্নভাবে প্রাকৃতিক গ্যাস সরবরাহ ও বিপণন কাজে নিয়োজিত । দীর্ঘ ৪২ বছরের পরিক্রমায় গ্যাস বিপণন নিয়মাবলির আলোকে গ্যাস বিপণন করে রাজস্ব আয় করার সাথে সাথে গ্রাহক সেবার মান উন্নয়নে গ্রাহকদের অনলাইনে বিল পরিশোধ করার ব্যবস্থা গ্রহণসহ, গ্যাস দুর্ঘটনায় তড়িৎ ব্যবস্থা গ্রহণের সুবিধা সম্পন্ন জুরুরী বিভাগ ২৪ ঘন্টা x ৭দিন চালু করেছে । বিজিডিসিএল-এর বর্তমানে মোট গ্রাহক সংখ্যা শিল্প ১৯৫ টি, ক্যাপটিভ ৮২ টি, বিদ্যুৎ ১৪টি ,সিএনজি ৯১টি, বানিজ্যিক ২১৩ টি আবাসিক বার্ণার ৪৮৭,৮৫৬ টি । মোট ৮৬.৬৬ কি.মি সঞ্চালন ও ৩৮০৪.৯৮ কি.মি বিতরণ লাইন দিয়ে বৃহত্তর কুমিল্লা ও বৃহত্তর নোয়াখালীর মোট ৬টি জেলায় গ্যাস সংযোগ বিদ্যমান রয়েছে। দৈনিক গড়ে ৩০০ মিলিয়ন ঘনফুট গ্যাস গড়ে বাখরাবাদের বিতরণ এলাকায় সরবরাহ করা হয়ে থাকে, তার মধ্যে প্রায় ১৯০ মিলিয়ন ঘনফুট বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হয়।

২। গ্যাস সঞ্চালন-বিতরণ ব্যবস্থা আধুনিকায়নের অংশ হিসাবে সকল বিতরণ প্রান্তের শুরুতে মিটার স্থাপনের কাজ চলমান রয়েছে। কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার গৌরিপুর নামক স্থানে স্থাপিত ডিআরএস ( ডিস্ট্রিক্ট রেগুলেটরী ষ্টেশন)টি গত ১৯/০৮/২০২২ তারিখ শুক্রবার পরিদর্শন করা হয়। ডিআরএসটিতে ইতোমধ্যে মিটার স্থাপন করা হয়েছে এবং তা জিটিসিএল ও বাখরাবাদ গ্যাসের যৌথ উপস্থিতিতে কমিশনিংও সম্পন্ন হয়েছে। দৈনিক ২০ মিলিয়ন ক্ষমতার ডিআরএসটি থেকে কুমিল্লা জেলার দাউদকান্দি, মেঘনা, হোমনা ও চাঁদপুর জেলার কচুয়াতে গ্যাস সরবরাহ করা হয়। ডিআরএসটি সদ্য রক্ষণাবেক্ষণ করে কালার কোড অনুযায়ী পাইপসহ অন্যান্য সরঞ্জামাদি রং করা হয়েছে। বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি (বিজিডিসিএল)-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ডিআরএসটির বিভিন্ন অংশসহ নেটওয়ার্ক কিভাবে পেট্রোলিং করা হয়ে থাকে সে সম্পর্কে ধারনা ও বিষদ বর্ণনা করেন। প্লান্টটি জিটিসিএল এবং বাখরাবাদের যৌথ মালিকানাধীন । নিরাপত্তা ব্যবস্থা পর্যাপ্ত। তবে সংযোগ সড়কটি আরো একটু প্রশস্ত হলে ভাল হবে। প্রয়োজনীয় রক্ষনাবেক্ষণ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। ডিআরএসটির পাশেই বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানির স্থানীয় বিক্রয় কার্যালয় রয়েছে। বিক্রয় কার্যালয়ের স্থানীয় ব্যবস্থাপক (বিক্রয়)সহ কেন্দ্রীয় কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা,কর্মচারীগণ উপস্থিত থেকে বিজিডিসিএল-এর বিভিন্ন কার্যক্রম সম্পর্কে প্রতিনিধিদলকে অবহিত করেন। বকেয়া আদায়সহ অবৈধ পাইপ লাইন ও অবৈধ সংযোগ বিচ্ছিন্ন কাজের অগ্রগতি সম্পর্কে বিষদ ধারনা প্রদান করা হয়। আলোচনায় জানা যায় গত ২০২১-২২ অর্থ বছরে বিজিডিসিএল-এ বিভিন্ন ব্যাসের ৭২.২ কিলোমিটার অবৈধ পাইপ লাইন উচ্ছেদসহ ১০৪১৭টি আবাসিক বার্ণারের সংযোগ বিচ্ছিন্ন করে। অবৈধ সংযোগ বিচ্ছিন্নে জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহায়তায় ৩১টি ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। বকেয়া আদায়ের জন্য গৃহিত পদক্ষেপ নিয়ে আলোচনা হয়। বকেয়া আদায় কার্যক্রমকে আরো জোড়দার করতে নির্দেশনা প্রদান করা হয়।

৪। কোম্পানির শতভাগ কার্যক্রম ইনথির মাধ্যমে ও ই-জিপি-এর মাধ্যমে শতভাগ ক্রয় প্রক্রিয়া সম্পাদন করা হয়। বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির আওতায় বিজিডিসিএল-এর কার্যক্রম সন্তোষজনক। অতিসম্প্রতি ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ নদীবন্দর- সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ক ৪(চার) লেনে উন্নীতকরণ প্রকল্পের আওতায় বিভিন্ন ব্যাসের প্রায় ২২.৭০ কিলোমিটার পাইপ লাইন সময় মত প্রতিস্থাপন করা হয়েছে।

৫। বিজিডিসিএল- এর তরফ থেকে সন্ধা ৬ টা থেকে রাত্র ১১ টা বিদ্যুৎ-এর পিক আওয়ারকে বিবেচনায় বিদ্যুৎ প্লান্টে গ্যাস সরবরাহ নিশ্চিত করতে সে সময় সিএনজি প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ বন্ধসহ অন্যান্য গৃহিত কার্যক্রম সম্পর্কে অবহিত করে। বিদ্যমান জ্বালানি সংকট নিরসনে সরকারের নির্দেশনাকে যথাযথ প্রতিপালনে সচেষ্ট থাকতে অনুরোধ করা হয়েছে।

*৬। সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে প্রতিনিধিদল সন্তুষ্টি প্রকাশ করে।*

[signature] ২১/৮/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯
২৫ জুলাই ২০২২

## অফিস আদেশ

পুনরাদেশ না দেয়া পর্যন্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এ বিভাগ ও আওতাধীন সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নবর্ণিত ৯টি কমিটি গঠন করা হলো:

| কমিটি | কর্মকর্তার নাম | পদবী ও অফিস | কমিটিতে অবস্থান | মনিটরিংয়ের বিষয় |
|---|---|---|---|---|
| কমিটি-১ | জনাব মোঃ হুমায়ুন কবীর | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং |
| | জনাব মো: জাকির হোসেন | উপসচিব (প্রশাসন-১), জ্বাখসবি | সদস্য | |
| | মোছাঃ লায়লাতুন ফেরদৌস | উপসচিব (উন্নয়ন-১), জ্বাখসবি | সদস্য | |
| | জনাব মো: ইকবাল হোসেন রবিন | ব্যবস্থাপক (ডেভেলপমেন্ট এন্ড প্রোডাকশন), পেট্রোবাংলা | সদস্য-সচিব | |
| কমিটি-২ | ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি | অতিরিক্ত সচিব (উন্নয়ন), জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং |
| | জনাব মো: হাফিজুর রহমান চৌধুরী | যুগ্মসচিব (অপারেশন), জ্বাখসবি | সদস্য | |
| | মোছাঃ মোর্শেদা ফেরদৌস | উপসচিব (উন্নয়ন-৩), জ্বাখসবি | সদস্য | |
| | জনাব মাসুদ জামান | উপ-মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড মনিটরিং), পেট্রোবাংলা | সদস্য-সচিব | |
| কমিটি-৩ | জনাব মোহাম্মদ ইলিয়াস হোসেন | যুগ্মসচিব (প্রশাসন), জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে পেট্রোলিয়াম পণ্য বিপণন কাজ মনিটরিং |
| | বেগম শামীমা ফেরদৌস | উপসচিব (অপারেশন-২), জ্বাখসবি | সদস্য | |
| | বেগম খাদিজা তাহেরা ববি | উপসচিব (বাজেট) | সদস্য | |
| | জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী | মহাব্যবস্থাপক (বণ্টন ও বিপণন), বিপিসি | সদস্য-সচিব | |
| কমিটি-৪ | জনাব শাহিনা খাতুন | যুগ্মসচিব (উন্নয়ন), জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং |
| | মোছাম্মাৎ ফারহানা রহমান | উপসচিব (প্রশাসন-২), জ্বাখসবি | সদস্য | |
| | জনাব মোঃ মাফরুল আলম | প্রোগ্রামার, জ্বাখসবি | সদস্য | |
| | জনাব এম নাসিমুল আলীম | উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স) পেট্রোবাংলা | সদস্য-সচিব | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| কমিটি-৫ | ড. মোঃ রফিকুল ইসলাম | যুগ্মসচিব (পরিকল্পনা), জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং |
| | জনাব মোল্লা মিজানুর রহমান | উপসচিব (প্রশাসন-৩), জ্বাখসবি | সদস্য | |
| | শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন | উপসচিব (অপারেশন-১), জ্বাখসবি | সদস্য | |
| | জনাব এস, এম জোবায়ের হোসেন | ব্যবস্থাপক (এমআইএস), বিপিসি | সদস্য-সচিব | |
| কমিটি-৬ | ড. মহঃ শের আলী | অতিরিক্ত সচিব (অপারেশন), জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে অপরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং |
| | জনাব এইচ. এম খালিদ ইফতেখার | উপসচিব (পরিকল্পনা-১), জ্বাখসবি | সদস্য | |
| | জনাব মোঃ কবির উদ্দিন | সিস্টেম এনালিস্ট, জ্বাখসবি | সদস্য | |
| | জনাব এস, এম জোবায়ের হোসেন | ব্যবস্থাপক (এমআইএস), বিপিসি | সদস্য-সচিব | |
| কমিটি-৭ | জনাব এস এম জাকির হোসেন | অতিরিক্ত সচিব (অপারেশন) জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কাজ মনিটরিং |
| | জনাব মোঃ হাসানুজ্জামান | উপসচিব (পরিকল্পনা-২), পেট্রোবাংলা | সদস্য | |
| | উপসচিব (অপারেশন-২ অধিশাখা) | উপসচিব (অপারেশন-২ অধিশাখা), জ্বাখসবি | সদস্য | |
| | প্রকৌশলী দীন মোহাম্মদ | ব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন), পেট্রোবাংলা | সদস্য-সচিব | |
| কমিটি-৮ | জনাব মোঃ আঃ খালেক মল্লিক | অতিরিক্ত সচিব (প্রশাসন) জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কাজ মনিটরিং |
| | জনাব শাকিল আহমেদ | উপসচিব (উন্নয়ন-২), জ্বাখসবি | সদস্য | |
| | বেগম দিলওয়ারা আলো | উপসচিব (পরিকল্পনা-২ শাখা) জ্বাখসবি | সদস্য | |
| | মোহাম্মদ রবিউল আউয়াল খান | ব্যবস্থাপক (কন্ট্রাক্ট), পেট্রোবাংলা | সদস্য-সচিব | |
| কমিটি-৯ | জনাব শাহিনা খাতুন | যুগ্মসচিব (উন্নয়ন), জ্বাখসবি | আহ্বায়ক | মাসিক ভিত্তিতে পাইপলাইনের ক্যাথডিক সিস্টেম মনিটরিং |
| | জনাব মো: হাফিজুর রহমান চৌধুরী | যুগ্মসচিব (অপারেশন-২ অধিশাখা) জ্বাখসবি | সদস্য | |
| | মোছাম্মাৎ ফারহানা রহমান | উপসচিব (প্রশাসন-২), জ্বাখসবি | সদস্য | |
| | জনাব এম নাসিমুল আলীম | উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স), পেট্রোবাংলা | সদস্য | |
| | জনাব মাফরুল আলম | প্রোগ্রামার, জ্বাখসবি | সদস্য-সচিব | |

**কার্যপরিধি:**

(ক) কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ২০২২-২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে; এবং

(খ) বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

২। কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩। কমিটির কোন সদস্য অনুপস্থিত থাকলে/পরিদর্শনে অংশগ্রহণ করতে না পারলে প্রয়োজনে ২/৩ জন সদস্য পরিদর্শন

কার্যক্রম সম্পন্ন করতে পারবে।

৪। উল্লেখ্য, কমিটির কোন সদস্যের বদলীজনিত কারণে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা কমিটির সদস্য হিসেবে গণ্য হবেন।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫-৭-২০২২

মোছাম্মাৎ ফারহানা রহমান

উপসচিব

ফোন: ৯৫৫৮৫৮৯

ইমেইল:

dsadmin2@emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬/১(৬০)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯
২৫ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

৩) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৬) সংশ্লিষ্ট ব্যবস্থাপনা পরিচালক (সকল)

৭) মহাব্যবস্থাপক (বিপণন), বন্টণ, বাজারজাতকরণ ও পরিবীক্ষণ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

৮) উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৯) উপ-মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড মনিটরিং), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১০) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১) ম্যানেজার, এমআইএস, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

১২) ব্যবস্থাপক, উৎপাদন ও বিপণন বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১৩) ব্যবস্থাপক, ডেভেলপমেন্ট এন্ড প্রডাকশন বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১৪) ব্যবস্থাপক, কন্ট্রাক্ট বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

২৫-৭-২০২২

মোছাম্মাৎ ফারহানা রহমান

উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২-৩৩২

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯ / ২৯ আগস্ট ২০২২

## সভার নোটিশ

আগামী ০১-০৯-২০২২ তারিখে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত **'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং'** কমিটির সভা (ভবন নং-৬, কক্ষ নং-১১২) এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রম অনুরোধ করা হলো।

২৯/৮/২০২২

(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫০৮৯৮
ইমেইল: emrd.dev1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মো: জাকির হোসেন, উপসচিব (প্রশাসন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। জনাব মো: ইকবাল হোসেন রবিন, ব্যবস্থাপক (ডিপিডি) পেট্রোবাংলা (সংশ্লিষ্ট গ্যাস ফিল্ডের অগ্রগতির স্থিরচিত্র এবং তথ্যসহ উপস্থিত থাকার অনুরোধসহ)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, জননিরাপত্তা বিভাগ (সভায় আগত কর্মকর্তাগণ-কে গাড়ীসহ সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ)
২। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সভায় উপস্থিত ৬ (ছয়) জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
পরিকল্পনা-২ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০৩৮.১৪.০৯৫.২১.১৯৩

তারিখ: ০২ ভাদ্র ১৪২৯ / ১৭ আগস্ট ২০২২

বিষয়: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের প্রকল্প পরিদর্শন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জনাব মোঃ হুমায়ুন কবীর, আগামী ১৯.০৮.২০২২ তারিখ থেকে ২০.০৮.২০২২ তারিখ নারায়ণগঞ্জ, কুমিল্লা, ফেনী ও চট্টগ্রাম জেলা সফর করবেন। পরিদর্শনকালে তিনি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের আওতাধীন পদ্মা অয়েল কোম্পানি লি: কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করবেন। মহোদয়ের সম্ভাব্য সফরসূচি নিম্নরূপ:

**সফরসূচি**

| তারিখ ও বার | সময় | | বিবরণ | মন্তব্য/ ব্যবস্থাপনা |
|---|---|---|---|---|
| ১৯.০৮.২০২২ শুক্রবার | সকাল | ৮:৩০ মি. | ঢাকা থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে যাত্রা। | সড়কপথে |
| | সকাল | ১১:৩০-১২:৩০ মি. | নারায়ণগঞ্জ জেলায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন। | |
| | দুপুর | ১:৩০-৩:০০ মি. | কুমিল্লা জেলায় বিজিডিসিএল- এর গৌরিপুর DRS প্লান্ট এবং "চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের কার্যক্রম পরিদর্শন। | বিজিডিসিএল/পিওসিএল |
| | বিকাল | ৪:০০-৫:০০ মি. | ফেনী জেলায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন। | |
| | রাত | ৮:০০ মি. | চট্টগ্রামে উপস্থিতি ও রাত্রি যাপন। | |
| ২০.০৮.০২২ শনিবার | সকাল | ১০.০০-১.০০ মি. | চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন প্রকল্প কার্যক্রম এবং পদ্মা অয়েল কোম্পানি লি: এর প্রধান স্থাপনা পরিদর্শন। | |
| | বিকাল | ৩.৩০ মি. | ঢাকার উদ্দেশ্যে যাত্রা। | বিমানযোগে |

২. জনাব মো: হাসানুজ্জামান, উপসচিব (পরিকল্পনা-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তাঁর সফর সঙ্গী হবেন। এটি সরকারি সফর।

১৭.০৮.২২
(মোঃ হাসানুজ্জামান)
উপসচিব
ফোন-২২৩৩৯০৬৭১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১। জেলা প্রশাসক, ঢাকা/নারায়ণগঞ্জ/ কুমিল্লা/ফেনী/ চট্টগ্রাম।
২। পুলিশ সুপার, ঢাকা/নারায়ণগঞ্জ/ কুমিল্লা/ফেনী/ চট্টগ্রাম।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল, প্রধান কার্যালয়, চাঁপাপুর, কুমিল্লা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, পিওসিএল, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৫। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন (১ম সংশোধিত), পিওসিএল, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন, চট্টগ্রাম।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। যুগ্মসচিব (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৫। অফিস কপি।